

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা (প্রথম ভাষা)

পঞ্চম শ্রেণি

১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি প্রশ্নের মান - ২)
- ১.১ 'কেউ করে না মানা।' — কার কোন্ কাজে কেউ নিষেধ করে না ?
- ১.২ 'এবার আমাকে গোড়ার দিক দিতে হবে।' — কী চাষের সময় কুমির একথা বলেছিল ?
- ১.৩ 'মাঠ মানে কী অর্থই খুশির অগাধ লুটোপুটি !' — 'অর্থই' এবং 'অগাধ' শব্দ দুটির অর্থ লেখো।
- ১.৪ 'ঝড়' কবিতায় উল্লিখিত দুটি গাছের নাম লেখো।
- ১.৫ 'ঢ়াক্' শব্দের অর্থ কী ?
- ১.৬ 'বুপালি এক ঝালর' — কবি কোথায় 'বুপালি ঝালর' দেখেছেন ?
- ১.৭ 'করুণা করি বাঁচাও মোরে এসে' — কখন ফণীমনসা একথা বলেছে ?
২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো : (প্রতিটি প্রশ্নের মান - ৩)
- ২.১ 'মাঠ মানে তো সবুজ প্রাণের শাস্ত এক দীপ' — পঙ্কিটির তাৎপর্য বুঝিয়ে দাও।
- ২.২ 'ব্যাঙ স্বেচ্ছায় বৃষ্টি আনার কাজে যুক্ত বলো।' — বৃষ্টি আনার কাজে যুক্ত হয়ে ব্যাঙ কী করেছিল ?
- ২.৩ '— ঝড় করে মা কয় ?' — কবিতায় শিশুটি নিজের এই প্রশ্নের উত্তর কীভাবে দিয়েছে ?
- ২.৪ 'তাদের কথা বলার শক্তি নেই।' — কখন এমন পরিস্থিতি হলো ?
- ২.৫ 'ভেবে পাই নে নিজে' — কবি কী ভেবে পান না ?
- ২.৬ 'ফণীমনসা ও বনের পরি' নাটকে সূত্রধারের ভূমিকা আলোচনা করো।
৩. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :
- ৩.১ বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় এবং ক্রিয়া যোগে একটি বাক্য রচনা করো। ২
- ৩.২ 'নাম বিশেষণ' এবং 'ক্রিয়া বিশেষণ' বলতে কী বোঝ ? ২
- ৩.৩ 'অ' এবং 'ই/ঈ' যোগে পাঁচটি করে স্ত্রীলিঙ্গবাচক শব্দ তৈরি করো। ৫ + ৫

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।